

## 💵 নামাযের দো'আ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থঃ সিজদার দো'আ ও যিক্র রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ আব্দুর রব্ব আফফান

সিজদার দো'আ ও যিক্র

«سبحان ربي الأعلى»

উচ্চারণ: সুবহানা রাব্বিয়াল আ'লা। (মুসলিম)

«سبحان ربي الأعلى وبحمده»

(رواه أحمد وأبو داود والدار قطني والطبراني والبيهقي)

উচ্চারণ: সুবহানা রবিবয়াল আ'লা ওয়া বিহামদিহি। (আবু দাউদ, দারা কুতুনী, আহমাদ, ত্ববারানী ও বাইহাকী)

অর্থ: আমার মহান রব্বের প্রশংসাপূর্ণ পবিত্রতা বর্ণনা করছি।

অথবা চাইলে নিম্নোক্ত দো'আ পডবেঃ

«سبحانك اللهم وبحمدك اللهم اغفرلي»

(رواه البخاري ومسلم)

উচ্চারণ: "সুবহানাকা আল্লাহুম্মা রব্বানা ওয়াবিহামদিকা আল্লাহুম্মাগ্ ফিরলী।"

অর্থ: হে আল্লাহ! তোমার সকল প্রশংসা বর্ণনা করছি এবং সকল দোষ হতে পবিত্রতা ঘোষণা করছি, আমাকে তুমি ক্ষমা কর। (বুখারী-মুসলিম)

«سبّوح قدّوس رب الملائكة والروح» (رواه مسلم)

উচ্চারণ: "সুববৃহুন কুদ্দুসুন রব্বুল মালাইকাতি ওয়ার রহ।"

অর্থ: ফেরেশতামণ্ডলী ও জিবরাঈলের রব্ব সকল দোষক্রটি থেকে পবিত্র। (মুসলিম)

«سبحان ذي الجبروت، والملكوت، والكبرياء، والعظمة» (رواه أبو داود والنسائي)

উচ্চারণ: সুবহানা যিল জাবারুতি ওয়াল মালাকুত ওয়াল কিবরিয়ায়ি ওয়াল 'আজামাহ্।

অর্থ: সকল দোষ হতে পবিত্র যিনি মহাপরাক্রমশীল, বিশাল সাম্রাজ্যের অধিকারী, অসীম গৌরব-গরিমা ও শ্রেষ্ঠত্বের অধিকারী। (আবু দাউদ ও নাসায়ী)

«اللهم إني أعوذ برضاك من سخطك، وبمعافاتك من عقوبتك وأعوذ بك منك لا أحصى ثناء عليك أنت كما أثنيت على نفسك» (رواه مسلم)

উচ্চারণ: আল্লাহুমা ইন্নী আ'উযু বিরিদ্ধা-কা মিন সাখাতিকা, ওয়া বিমু'য়া-ফাতিকা মিন উক্বাতিকা, ওয়া আ'উযু



বিকা মিনকা লা উহসী সানা'য়ান 'আলাইকা, আন্তা কামা আসনাইতা 'আলা নাফসিকা।

অর্থ: হে আল্লাহ! আমি তোমার সম্ভুষ্টির মাধ্যমে তোমার অসম্ভুষ্টি হতে আশ্রয় চাই এবং তোমার ক্ষমার বিনিময়ে তোমার শাস্তি হতে আশ্রয় চাই, তোমার মাধ্যমেই তোমার নিকট হতে আশ্রয় চাই, তোমার গুণগান গেয়ে শেষ করতে পারবো না, তুমি যেভাবে নিজের স্তুতি বর্ণনা করেছে। (মুসলিম)

«اللهم اغفرلي ذنبي كله، دقّه وجلّه وأوّله وآخره وعلانيّته وسره» (رواه مسلم)

উচ্চারণ: আল্লাহ্মাগফিরলী যাম্বী কুল্লাহু দিক্কাহু ওয়া জিল্লাহু ওয়া আউয়ালাহু ওয়া আখিরাহু ও আলানিয়্যাতাহু ওয়া সির্রাহু।

অর্থ: হে আল্লাহ্! ছোট ও বড় গুনাহ পূর্বের ও পরের গুনাহ এবং প্রকাশ্য ও গোপনীয় সকল গুনাহ খাতা মাফ করে দাও। (মুসলিম)

«اللهم لك سجدت وبك آمنت، ولك أسلمت، سجد وجهي للذي خلقه وصوره وشق سمعه وبصره، تبارك الله أحسن الخالقين» (رواه مسلم)

উচ্চারণ: আল্লাহ্মা লাকা সাজাদতু ওয়া বিকা আ-মানতু ওয়ালাকা আসলামতু, সাজাদা ওয়াজহিয়া লিল্লাযী খালাকাহু ওয়া সাওয়ারাহু ওয়া শাক্কা সাম'য়াহু ওয়া বাসারাহু, তাবারাকাল্লাহু আহসানুল খালিকীন।

অর্থ: হে আল্লাহ! আমি তোমাকেই সিজদা করি, তোমার প্রতি ঈমান এনেছি, তোমার নিকটই আত্মসমর্পণ করছি, আমার মুখমণ্ডল তাঁর জন্য সিজদায় অবনমিত যিনি উহা সৃষ্টি করেছেন, প্রতিরূপ দিয়েছেন এবং তার কর্ণ ও চক্ষু আলাদা করে সজ্জিত করেছেন, তিনি মহিমাম্বিত আল্লাহ, সর্বোত্তম স্রষ্টা। (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1394

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন